



সাইন্স কোচিং

এস.এস.সি. রিভিশন প্রোগ্রাম-২০২১

বিষয় : বাংলা ১ম পত্র (Ban-1-2)

গীতাঞ্জলি

Date: 27-10-2020

বিষয় কোড		
১	০	১

Set-A

সময় : ১ ঘণ্টা ১৫ মিনিট

পূর্ণমানঃ ৩০

দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রতিটি বিভাগ হতে একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ১। হে বঙ্গ, ভাঙারে তব বিবিধ রতন;
তা সরে, (অবোধ আমি) অবহেলা করি,
পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমন
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুম্ফণে আচারি।
কাটাইনু বহু দিন মুখ পরিহরি।
পালিলাল আঙ্গ সুখে; পাইলাম কালে
মাতৃ-ভাষা-রূপে খনি, পূর্ণ মনিজালে।
- ক) কবির কোন ভাষায় কোন দ্বিমত নেই? ১
- খ) “দেশী ভাষা উপদেশ মনে হিত অতি”- বলতে কবি কী বুঝিয়েছেন ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকের বিষয়ের সাথে ‘বঙ্গবাণী’ কবিতার কোন অংশগুলো সাদৃশ্যপূর্ণ তা আলোচনা কর। ৩
- ঘ) ‘স্বীয় ভাষা ও মাতৃভূমিকে অস্বীকার করার অর্থ নিজের শেকড়কে অস্বীকার করা’-মন্তব্যটি উদ্দীপক ও ‘বঙ্গবাণী’ কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪
- ২। আমাদের পূর্বপুরুষরা আমাদের যথার্থ গুরু। তাদের অভিজ্ঞতা ও মহৎ কর্ম আমাদের অনুপ্রেরণার ক্ষেত্রভূমি। কিন্তু অনুকরণপ্রিয়তা একজন সৃষ্টিশীল মানুষের মৌলিকতা নশ্বর করে দেয়। তাই অনুসরণের পথ গ্রহণ করলে একজন মানুষ কেমন সৃজনশীলতার বিকাশ ঘটাতে পারেন তেমনি স্বীয় মহৎ কাজের মাধ্যমে পরবর্তী প্রজন্মের কাছে সম্মানীয় এবং করণীয় ব্যক্তি হয়ে উঠতে পারেন।
- ক) পানির ফোঁটার মতোই ক্ষণস্থায়ী কী? ১
- খ) “মহিমাই জগতে দুর্লভ”-বলতে কবি কী বুঝিয়েছেন? ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকের আলোচ্য বিষয় কী ‘জীবন-সঙ্গীত’ কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ? যদি হয় তবে ব্যাখ্যা কর। ৩
- ঘ) ‘কীর্তমানের মৃত্যু নাই’-মন্তব্যটি উদ্দীপক ও ‘জীবন-সঙ্গীত’ কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

- ৩। মজিদ নোয়াখালী অঞ্চলে এসে জঙ্গলের মাঝে পিরের মাজার আছে দাবী করে; সেখানে গ্রামের লোকদের সরল কিম্বাসের সুযোগ নিয়ে মাজারও প্রতিষ্ঠা করে ফেলে। মাজার ব্যবসায় ক্ষতি হয় এই আশঙ্কায় সে গ্রামের শিক্ষিত যুবক আক্বাসকে অন্যায়ে সালিশের মাধ্যমে গ্রাম ছাড়া করে। ওদিকে পাশের গ্রামে কৃষ্ণ ঠাকুর নামে এক ব্যক্তি গোপী কৃষ্ণের বাঁশী পেয়েছে এই দাবীতে মন্দির প্রতিষ্ঠা করার কথা বলে। সাধারণ মানুষ অর্থ সহায়তার মাধ্যমে মন্দির প্রতিষ্ঠা করার পর কৃষ্ণ ঠাকুর সেখানকার প্রধান পুরুত হন। কিন্তু সাধারণ মানুষকেই এখন মন্দিরে যেতে বিবিধ নিয়ম বেঁধে দিয়েছেন।
- ক) ‘তেরিয়া’ শব্দের অর্থ কী? ১
- খ) “ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়!”-প্রসঙ্গ ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকে উল্লিখিত ব্যক্তিদের সাথে ‘মানুষ’ কবিতার কোন চরিত্রের মিল পাওয়া যায়? তাদের চারিত্রিক সাদৃশ্য ও বৈসাদৃশ্যের দিকটি আলোচনা কর। ৩
- ঘ) ‘ধান্দাবাজদের চেহারা ভিন্ন, কিন্তু চরিত্র এক’-মন্তব্যটি উদ্দীপক ও ‘মানুষ’ কবিতার আলোকে ব্যাখ্যাসহ প্রমাণ কর। ৪
- ৪। নিতাই কুলির কাজ করে, নানান মানুষের নানান ওজনের, নানান আকৃতির, বহুবিধ-মূল্যের জিনিস বহন করে। নিজের মততা ও কর্মে অতি সে যথেষ্ট আস্থাবান ও যত্নশীল। বংশ পরম্পরা ডাকাতি হলেও সে-ই একমাত্র পেশা পরিবর্তন করে কুলির পেশা গ্রহণ করে বৈধ উপার্জন করে। এ কারণে তাকে তার পরিবার, সন্তানের আত্মীয়-স্বজনরা অনেক কটু কথা বললেও সে স্বল্প উপার্জনের এই বৈধপথ ছাড়ে নি।
- ক) ‘রানার’ কবিতাটি কাদের নিয়ে লেখা? ১
- খ) কবি রানারের প্রতি কীভাবে মানবিক দৃষ্টিভঙ্গির প্রকাশ ঘটিয়েছেন ব্যাখ্যা কর। ২
- গ) উদ্দীপকের আলোচ্য বিষয়ের সাথে ‘রানার’ কবিতার রানারের মিল ও অমিলের দিকটি আলোচনা কর। ৩
- ঘ) ‘অবৈধ উপার্জনে রাজ প্রাসাদে থাকার চেয়ে বৈধ উপার্জনে কুটির ঘরে থাকাও আত্মসম্মানের’- মন্তব্যটি উদ্দীপক ও ‘রানার’ কবিতার আলোকে বিচার-বিশ্লেষণ কর। ৪
- ৫। যখন হানাদারবধ সংগীতে
ঘৃণার প্রবল মতে জগ্নত
স্বদেশের তরণ হাতে
নিত্য বেজেছে অবিরাম
মেশিনগান মর্টার গ্নেভেড।
- ক) অ আ ক খ বর্ণমালা পথে পথে কোথায় ঘোরে? ১
- খ) ‘বাঙালি অনার্য জাতি’ কথাটি কেন বলা হয়েছে? ২
- গ) উদ্দীপকের অনুভব ‘সাহসী জননী বাংলা’ কবিতার অনুভবের সঙ্গে সাদৃশ্যপূর্ণ- ব্যাখ্যা কর। ৩
- ঘ) উদ্দীপকের ভাবনা ‘সাহসী জননী বাংলা’ কবিতার মূল পরিচয় নয়? মূল্যায়ণ কর। ৪